

AKASHVANI (Kolkata)
Regional News Unit

Date: 28-10-2025

Time : 7-50 PM

DEO : KB

Desk in Charge : SDG

Compiling : NBR

NR : NBR

Announcement :- আকাশবাণী / খবর পড়ছি:-

বিশেষ বিশেষ খবরঃ-

১/ ভোটার তালিকায় বিশেষ নিবিড় সংশোধন কর্মসূচীতে কোনো বৈধ ভোটারের নাম
বাদ যাবেনা বলে, রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারি মনোজ কুমার আগরওয়াল
জানিয়েছেন।

২/ উত্তর ২৪ পরগণার পানিহাটিতে এক ব্যক্তির অস্বাভাবিক মৃত্যুকে কেন্দ্র করে
চাপ্টল্য ছড়িয়েছে।

৩/ কেন্দ্রীয় মন্ত্রিসভা, অষ্টম বেতন-কমিশনের ‘টার্মস অফ রেফারেন্স’-এ অনুমোদন
দিয়েছে।

৪/ ঘূর্ণিঝড় ‘মনথা’-র প্রভাবে উপকূলবর্তী জেলাগুলিতে শুরু হয়েছে বৃষ্টি।
#কলকাতাতেও রয়েছে বৃষ্টির পূর্বাভাস।

৫/ ৩১-তম কলকাতা আন্তর্জাতিক চলচ্চিত্র উৎসব ৬'ই নভেম্বর থেকে শুরু হচ্ছে।

৬/ ইডেনে চারদিনের রনজি ট্রফি ক্রিকেটের ম্যাচে বাংলা ১৪১ রানে গুজরাটকে
পরাজিত করেছে।

ভোটার তালিকায় বিশেষ নিবিড় সংশোধন কর্মসূচিতে কোনো বৈধ ভোটারের নাম বাদ যাবে না। সংবিধান অনুযায়ী যাদের ভোটাধিকার স্বীকৃত তাদের আতঙ্কের কোনো কারণ নেই বলে রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিক মনোজ কুমার আগরওয়াল জানিয়েছেন। রাজ্য এস আই আর প্রক্রিয়ার সূচনায় তিনি আজ স্বীকৃত সমস্ত রাজনৈতিক দলের প্রতিনিধিদের সঙ্গে বৈঠক করেন। সেখানে ত্রুটি কংগ্রেস, বামফ্রন্ট, কংগ্রেস এক সুরে SIR-এর নামে NRC চালু করার চেষ্টার অভিযোগ তোলে। এর প্রেক্ষিতে মুখ্য নির্বাচনী আধিকারিক প্রতিশ্রুতি দিয়েছেন, ১০০ শতাংশ স্বচ্ছভাবে ভোটার তালিকা তৈরি করা হবে। একাধিক পদ্ধতিতে সমস্ত ভোটারদের তথ্য খতিয়ে দেখা হবে। নির্বাচন কমিশনের বিপুল সংখ্যক কর্মীদের পাশাপাশি আধুনিক তথ্য নির্ভর ব্যবস্থা থাকবে। জেলায় জেলায় থাকবে হেল্প ডেস্ক।

(বাইট- মনোজ কুমার আগরওয়াল)

এদিকে, রাজ্য আজ থেকেই শুরু হয়েছে এস আই আর প্রক্রিয়া। একইসঙ্গে শুরু হয়েছে ফর্ম ছাপা ও বিএলও-দের প্রশিক্ষণের কাজ। চলবে তেসরা নভেম্বর পর্যন্ত। চৌঠা নভেম্বর থেকে পরবর্তী এক মাস এই এনুমারেশন প্রক্রিয়া চলবে। খসড়া ভোটার তালিকা প্রকাশিত হবে ৯ ই ডিসেম্বর। ঐ দিন থেকে ২০২৬ এর ৮ ই জানুয়ারি পর্যন্ত এ সংক্রান্ত কোনো অভাব অভিযোগ বা আপত্তি জানানো যাবে। ৩১ শে জানুয়ারি পর্যন্ত সেই সংক্রান্ত শুনানি ও যাচাই-এর কাজ করা হবে। চূড়ান্ত ভোটার তালিকা প্রকাশিত হবে ২০২৬-এর ৭ ই ফেব্রুয়ারি।

বিজেপি বিধায়ক শংকর ঘোষের উদ্যোগে শিলিঙ্গড়িতে দলীয় কার্যালয়ের সামনে শুরু হলো এস আই আর সহায়তা শিবির। এই ক্যাম্পে সাধারণ মানুষ ভোটার তালিকা

সংশোধনের সুযোগ পাবেন। বিধায়ক শঙ্কর ঘোষ জানিয়েছেন, অনেকেই এই প্রক্রিয়া সম্পর্কে সচেতন নন। তাঁদের সুবিধার্থেই এই উদ্যোগ। প্রতিদিন নির্দিষ্ট সময়ে বিশেষ প্রশিক্ষিত স্বেচ্ছাসেবকরা এই শিবিরে জনগণকে সহায়তা করবে।

উত্তর ২৪ পরগণার পানিহাটিতে এক ব্যবসায়ীর অস্বাভাবিক মৃত্যুতে চাপ্টল্য ছড়িয়েছে। প্রদীপ কর নামে ওই ব্যক্তি নিজের ঘরেই আত্মাত্তী হন বলে পরিবারের তরফে দাবী করা হয়েছে। সেখান থেকে উদ্বার হওয়া কাগজ এবং পরিবার সূত্রে জানা গেছে, গত কয়েক মাস ধরেই তিনি NRC নিয়ে আতঙ্কে ছিলেন।

তবে, ব্যারাকপুরের পুলিশ কমিশনার মুরলীধর শর্মা জানিয়েছেন, ঘটনার প্রকৃত কারণ ময়না তদন্তের রিপোর্ট আসার পরই জানা যাবে।

এদিকে, বিজেপি নেতা জয় সাহা জানিয়েছেন, উদ্বার হওয়া কাগজটি আদৌ ওই ব্যক্তির সুইসাইড নোট কিনা, তা' নিয়ে সন্দেহ রয়েছে। এবিষয়ে উপযুক্ত তদন্ত হওয়া প্রয়োজন। তৃণমূল কংগ্রেস SIR ও NRC নিয়ে সাধারণ মানুষের মধ্যে আতঙ্ক ছড়াচ্ছে বলে অভিযোগ করেন তিনি।

প্রদেশ কংগ্রেস সভাপতি শুভকর সরকার বলেছেন, তৃণমূল কংগ্রেস এবং বিজেপি-উভয়েই SIR নিয়ে ভয়ের বাতাবরণ সৃষ্টি করছে।

এদিকে, আজ রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিকের দপ্তরের ডাকা সর্বদল বৈঠকেও তৃণমূল কংগ্রেস, কংগ্রেস ও বাম দলের প্রতিনিধিরা এই মৃত্যুর ঘতনার পিছনে NRC আতঙ্ক নিয়ে সরব হন।

এদিকে, তৃণমূল কংগ্রেসের সর্বভারতীয় সাধারণ সম্পাদক অভিষেক ব্যানার্জি অভিযোগ করেছেন, SIR আসলে বৈধ ভোটারদের নাম বাদ দেওয়ার প্রক্রিয়া।

কেন্দ্রীয় প্রতিমন্ত্রী সুকান্ত মজুমদার এর পালটা হিসেবে অভিষেক ব্যানার্জির বক্তব্যের তীব্র নিন্দা করে বলেছেন, তৃণপমূল কংগ্রেস নেতা কোনো প্রমাণ ছাড়াই নির্বাচন কমিশনের বিরুদ্ধে মন্তব্য করেছেন এবং মুখ্য নির্বাচন কমিশনারকে হৃষকি দিয়েছেন। তাতে অবিলম্বে তার বিরুদ্ধে পদক্ষেপ নেওয়া উচিত। শ্রী মজুমদার জানান, এসআইআর-এর মূল উদ্দেশ্য হলো বৈধ ভোটারদের তালিকায় রাখা এবং অবৈধ ভোটারদের তালিকা থেকে বাদ দেওয়া।

কেন্দ্রীয় মন্ত্রিসভা, অষ্টম বেতন-কমিশনের ‘টার্মস অফ রেফারেন্স’-এ অনুমোদন দিয়েছে।

কেন্দ্রীয় মন্ত্রিসভার বৈঠকের পর তথ্য ও সম্প্রচার মন্ত্রী অশ্বিনী বৈষ্ণবো সংবাদিকদের বলেন, এই বেতন কমিশন গঠনের দিন থেকে ১৮ মাসের মধ্যে তার সুপারিশগুলি জমা দিতে হবে। একজন চেয়ারপার্সন, এক অস্থায়ী সদস্য এবং এক সদস্য সচিবকে নিয়ে গঠিত হবে এই কমিশন।

(বাইট- অশ্বিনী/ পে কমিশন ৭.৫০)

সরকার জানিয়েছে, কেন্দ্রীয় সরকারি কর্মচারীদের বেতন এবং অন্যায় সুবিধার পরিবর্তন ও পরিমার্জন সংক্রান্ত বিষয়টি পর্যালোচনার জন্য চলতি বছরের জানুয়ারী মাসে অষ্টম পে কমিশন গঠন হয়।

কসবা ল'কলেজে গণধর্ষণের ঘটনায় কলেজের অভিযুক্ত নিরাপত্তারক্ষী পিনাকী বন্দ্যোপাধ্যায়ের জামিন খারিজের আবেদন নিয়ে কলকাতা হাইকোর্টের দ্বারা স্থ হয়েছেন নির্যাতিতা তরুণী।

বিচারপতি চৈতালী চ্যাটার্জি দাসের বেঞ্চ মামলা দায়েরের অনুমতি দিয়েছেন। চলতি
সপ্তাহেই মামলার শুনানির সম্ভাবনা।

উল্লেখ্য, গত ১৩ অক্টোবর আলিপুর জেলা ও দায়রা আদালত ২০ হাজার টাকার
ব্যাক্তিগত বণ্ণে থেকে জামিন পান কলেজের নিরাপত্তা রক্ষী পিনাকী বন্দ্যোপাধ্যায়।
নির্যাতিতার বঙ্গব্য ঘটনার সময় নিরাপত্তা রক্ষী উপস্থিত থাকলেও তিনি প্রতিবাদ
করেননি বা এ ঘটনা আটকানোর কোনো চেষ্টা করেননি।

ডিজিটাল দুনিয়ায় নারীদের নিরাপত্তা আরও সুনিশ্চিত করতে কেন্দ্রের নির্ভয়া প্রকল্পের
তহবিল থেকে কলকাতা পুলিশের এলাকায় সাইবার অপরাধ দমনে বিশেষ পরিকাঠামো
গড়ে তোলা হচ্ছে। এর আওতায় প্রায় ৬ কোটি টাকা খরচ করে আধুনিক প্রযুক্তি-সমৃদ্ধ
সাইবার অপরাধ তদন্ত ল্যাবরেটরি গড়ে তোলা হবে। পাশাপাশি ঢেলে সাজানো হবে
তদন্তের নানা নানা পরিকাঠামোও। কেন্দ্রীয় স্বরাষ্ট্র মন্ত্রকের নির্ভয়া প্রকল্পের আওতায়
এই উদ্যোগ গড়ে তোলা হবে বলে পুলিশ সূত্রে জানা গিয়েছে। ইতিমধ্যেই অত্যাধুনিক
ডিজিটাল ফরেনসিক যন্ত্রপাতি সরবরাহ ও রক্ষণাবেক্ষণের জন্য ই-টেক্নোর ডাকা হয়েছে।

অতি প্রবল ঘূর্ণিঝড় মনথা এখন বিশাখাপত্নম থেকে ২৯০ কিলোমিটার দক্ষিণ দক্ষিণ
পশ্চিমে এবং গোপালপুর থেকে ৫১০ কিলোমিটার দক্ষিণ দক্ষিণ পশ্চিমে অবস্থান
করছে। ক্রমশ উত্তর উত্তর পশ্চিমে অগ্রসর হয়ে আজ রাতের মধ্যে অন্ধ উপকূলের
মছলিপত্নম এবং কলিঙ্গপত্নম এর মধ্যে কাকিনারার কাছ থেকে স্থলভাগ অতিক্রম
করবে বলে আবহাওয়া দণ্ডরের পূর্বাঞ্চলীয় প্রধান ডঃ হাবিবুর রহমান বিশ্বাস
জানিয়েছে। সে সময় এর গতিবেগ ঘন্টায় ৯০ থেকে ১০০ কিলোমিটার এবং কোথাও

কোথাও ১১০ কিলোমিটার হতে পারে। এর প্রভাবে কলকাতাতে আগামী দুদিন মেঘলা আবহাওয়া থাকবে এবং বিক্ষিপ্ত বৃষ্টির পূর্বাভাস দেওয়া হয়েছে বলে তিনি জানান।

(বাইট- হবিবুর)

ঘূর্ণিঝড় মন্ত্রার সতর্কতায় সব ধরনের ব্যবস্থা নেওয়ার জন্যে রাজ্য সরকার উত্তর ও দক্ষিণবঙ্গের বিভিন্ন জেলা প্রশাসনকে নির্দেশ দিয়েছে। পূর্বাভাস অনুযায়ী ঘূর্ণিঝড় মোকাবিলা ও সম্ভাব্য ক্ষয়ক্ষতির প্রস্তুতি নিয়ে মুখ্যসচিব মনোজ পন্থ আজ নবান্ন থেকে দুই চরিশ পরগণা, পূর্ব মেদিনীপুর-এর মত উপকূলবর্তী জেলা ছাড়াও উত্তরবঙ্গের বিভিন্ন জেলাশাসকদের সঙ্গে ভার্চুয়াল বৈঠক করেন। সেখানে তিনি মাঠে থাকা ফসল ছাড়াও সামগ্রিক পরিস্থিতির উপরে নজর রাখার জন্যে নির্দেশ দেন। পর্যাপ্ত ত্রান সামগ্রী মজুত রাখার পাশাপাশি বিপর্যয় ব্যবস্থাপন বাহিনী, সেচ, বিদ্যুত দপ্তরের কর্মীদের প্রস্তুত থাকতে বলা হয়েছে।

৩১-তম কলকাতা আন্তর্জাতিক চলচিত্র উৎসব শুরু হবে আগামী মাসের ৬ তারিখ ধনধান্যে প্রেক্ষাগৃহে।

এবারের উদ্বোধনী ছবি ১৯৬১ সালে নির্মিত, উত্তম কুমার অভিনীত ও অজয় কর পরিচালিত ছবি সপ্তপদী।

একটি প্রতিবেদন- (ক্যাপসুল- অভিজিৎ দা)

চার দিনের জগন্নাত্রী পুজোর আজ সপ্তমী। ভুগলির চন্দননগর এবং সংলগ্ন মানকুন্ড ও
ভদ্রেশ্বরে পুজো উপলক্ষ্যে উৎসবে মেতেছেন মানুষ।

আলোর নগরী চন্দননগরের নজরকাড়া আলোক কারুকাজ, প্রতিমা ও মন্দিপসজ্জা
দেখতে দর্শনার্থীদের ভিড় উপচে পড়ছে। এই পুজো উপলক্ষ্যে চন্দননগরে নিরাপত্তা
ব্যবস্থা জোরদার করা হয়েছে। মোতায়েন রয়েছে প্রচুর সংখ্যক পুলিশকর্মী। বিকেল
থেকেই শহরে ঘান চলাচল বন্ধ করে দেওয়া হয়েছে।

এদিকে নদীয়ার কৃষ্ণনগর, শান্তিপুরে নবমীতে অর্থাৎ আগামী বৃহস্পতিবারে জগন্নাত্রী
পুজোর আয়োজন করা হয়েছে।

বেলুড় মঠের সারদা পীঠে ও জয়রামবাটি মাতৃমন্দিরে যথাবিহিত ধর্মীয় আচার
অনুষ্ঠানের মধ্য দিয়ে জগন্নাত্রী পুজোর আয়োজন করা হয়েছে।

অনেক গৃহস্থের বাড়িতেও আয়োজন করা হয় এই পুজোর।

এদিকে, ভুগলীর চন্দন নগরে কানাইলাল পল্লীতে আজ জগন্নাত্রী পুজোর প্যান্ডেল
আজ বিকেলে প্রবল বৃষ্টিতে ভেঙ্গে পড়ে। পুলিশ সূত্রে জানা গেছে, ঘটনায় দুজন
আহত হয়েছেন। তাদের হাসপাতালে ভর্তি করা হয়েছে।

ইডেনে চারদিনের রনজি ট্রফি ক্রিকেটের ম্যাচে বাংলা ১৪১ রানে গুজরাটকে পরাজিত
করেছে। আজ চতুর্থ তথা শেষ দিনে সকালে বাংলা আট উইকেটে ২১৪ রান তুলে
দ্বিতীয় ইনিংসের সমাপ্তি ঘোষণা করে। অনুষ্টুপ মজুমদার ৫৮ রান করেন। গুজরাটের
সিদ্ধার্থ দেসাই পাঁচ উইকেট নেন। ম্যাচ জয়ের জন্য গুজরাটের প্রয়োজন ছিলো ৩২৭
রানের। চা পানের বিরতির পর গুজরাটের দ্বিতীয় ইনিংস ১৮৫ রানে শেষ হয়ে যায়।

গোয়ার ব্যাস্তেলিমে আজ সুপার কাপ ফুটবলে ইস্টবেঙ্গল ৪-০ গোলে চেন্নাইয়িন FC- কে হারিয়ে দিয়েছে। বিপিন সিং দুটি, কেভিন সিবিলে ও হিরোশি ইবুসুকি একটি করে গোল করেছেন।

ফাতেরদা স্টেডিয়ামে আজ অন্য ম্যাচে মোহনবাগান সুপার জায়ান্ট, ডেম্পো FC- র মুখোমুখি হয়েছে। একটু আগে পাওয়া খবরে জানা গেছে খেলা গোলশূণ্য রয়েছে।
